কোটচাঁদপুরে পানিতে ডুবে দুই মাদ্রাসা ছাত্রের মৃত্যু, নিখোঁজের ১৪ ঘন্টা পর মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে পানিতে ডুবে নিখোঁজের ১৪ ঘন্টা পর পুকুর থেকে জাকারিয়া হোসেন চঞ্চল (১০) ও মিশন হোসেন (১০) নামে দুই মাদ্রাসা ছাত্রের মরদেহ উদ্ধার করেছে এলাকাবাসী।

শুক্রবার (১৪ আগষ্ট) ভোর ৬টার দিকে উপজেলার সাফদাপুর ইউনিয়নের রাজাপুর গ্রামের মুকুল হোসেনের পুকুর থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়। নিহত জাকারিয়া হোসেন চঞ্চল কোটচাঁদপুর উপজেলার বলুহর গ্রামের ঢালী পাড়ার বাহাদুর আলীর ছেলে ও নিহত মিশন কালিগঞ্জ উপজেলার মল্লিকপুর গ্রামের ফোরকান আলীর ছেলে। নিহতরা রাজাপুর আল-হেরা হাফেজিয়া মাদ্রাসার নূরানী বিভাগের ছাত্র।

মাদ্রাসার শিক্ষক মোঃ আকিমুল ইসলাম জানান, মাদ্রাসার মসজিদ নির্মাণের কাজ করায় বৃহস্পতিবার দুপুরে ছাত্ররা পার্শ্ববর্তী একটি পুকুরে গোসল করতে যায়। বেলা ১ টার দিকে গোসল করে ছাত্ররা সবাই মাদ্রসায় ফিরে আসে।

বিকাল ৫ টার দিকে খেলা শেষে জাকারিয়া ও মিশন আবার ওই পুকুরে গোসল করতে যায়। সন্ধার পর মাদ্রাসায় তাদেরকে দেখতে না পেয়ে উপস্থিত ছাত্রদের কাছে তাদের খোঁজ নেওয়া হয়। পরে নিখোঁজের ঘটনা জানিয়ে গ্রামবাসী ও পরিবারের সদস্যদের কে নিয়ে রাত ১ টা পর্যন্ত গ্রামে এবং ওই পুকুরে খুঁজা হয়।

নিখোঁজের ১৪ ঘন্টা পর আজ শুক্রবার ভোর ৬ টার দিকে স্থানীয়রা মাদ্রাসা ছাত্র মিশনের মরদেহ পুকুরে ভাসতে দেখে। নিখোঁজ অন্য ছাত্রের মরদেহ না পেয়ে এলাকাবাসী ফায়ার সার্ভিসকে খবর দেয়। আধা ঘন্টা পর জাকারিয়া হোসেনের মরদেহ পানিতে ভেসে উঠে। পরে এলাকাবাসী তাদের মরদেহ উদ্ধার করে।

খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম। পানিতে ডুবে দুই মাদ্রাসা ছাত্রের

মর্মান্তিক মৃত্যুর ঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কোটচাঁদপুরে দিনে দুপুরে জুয়েলারী দোকানে চুরি, সিঁন্দুকের স্বর্ণালঙ্কার লুট!

ঝিনাইদহের কোটচাঁদপুরে একটি জুয়েলারী দোকানে অভিনব কায়দায় চুরি সংঘটিত হয়েছে। বৃহস্পতিবার ভোর পৌনে ৬টার দিকে পৌর শহরের দুধসরা রোডে (ব্র্যাক ব্যাংকের নিচে) অবস্থিত অন্তরা জুয়ের্লাসে অভিনব এ চুরির ঘটনা ঘটে। এসময় সংঘবদ্ধ চোর চক্র জুয়েলারী দোকানের সিঁন্দুক থেকে স্বর্ণালঙ্কার চুরি করে পালিয়ে যায়।

শহরের দুধসরা রোডে অবস্থিত অন্তরা জুয়েলার্সের মালিক দীপংকর জানান, প্রতিদিনের ন্যায় তিনি বুধবার রাতে দোকানের তালা বন্ধ করে বাসায় গিয়েছিলেন। বৃহস্পতিবার সকালে দোকান খুলতে গিয়ে তিনি একটি শার্টারের মাঝখানে উঁচু দেখতে পান। পরে দোকানের ভিতরে প্রবেশ করে বন্ধ রেখে যাওয়া সিঁন্দুকটি খোলা দেখেন। দীপংকর দাবি করেন, সিঁন্দুকের ভিতর থেকে প্রায় ১৫ ভরি স্বর্ণ নিয়ে গেছে চোর চক্র। যার বাজার মূল্য প্রায় ১০ লক্ষ টাকা।

এদিকে মার্কেটের সিসি ক্যামেরার ভিডিও ফুটেজে দেখা যায় সকাল ৫টা ৫৫ মিনিটে লুঙ্গি পরিহিত ৪/৫ জন যুবক অন্তরা জুয়েলার্সের সামনে একটি কালো রঙ্গের পলিথিন আড়াল করে দাড়িয়ে আছে। এক পর্যায়ে তারা চক্রের এক সদস্যকে জুয়ের্লাসের শার্টারের মাঝ বরাবর উঁচু করে ভিতরে প্রবেশ করায়। এর ১০ মিনিট পর ভিতর থেকে লোকটি একটি সাদা ব্যাগ হাতে বেরিয়ে আসে এবং চক্রের সদস্যরা ঘটনাস্থল ত্যাগ করে।

খবর পেয়ে ঘটনাস্থল পরির্দশন করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর পুলিশ ফাঁড়ি ইনচার্জ আক্তারুজ্জামান লিটন সহ পুলিশের একটি টিম। এসময় ওসি মাহবুবুল আলম জানান, চুরির ঘটনায় ভিডিও ফুটেজ সংগ্রহ করেছি। এঘটনায় কি পরিমাণ স্বর্ণালঙ্কার

চুরি হয়েছে, সেটি দোকান মালিকের কাছ থেকে স্বর্ণের হিসাব ও তদন্তের পর জানা যাবে।

পুলিশ জানায় এ ঘটনায় থানায় মামলার প্রস্তÍতি চলছে।

উল্লেখ্য গত বছরের ২৫ ডিসেম্বর অন্তরা জুয়েলার্সের পার্শ্ববর্তী একটি মার্কেটের শ্যামল চাউল ভান্ডার ও রত্না বস্ত্রালয়ে একই কায়দায় চুরির ঘটনা ঘটে। সে ঘটনায় নগদ ৬৫ হাজার টাকা নিয়ে যায় সংঘবদ্ধ চোর চক্র।

কোটচাঁদপুরে কারেন্ট জাল জব্দ ও জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ৩’শ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ ও জরিমানা আদায় করা হয়েছে। এ সময় জব্দকৃত জালগুলো জনসম্মুখে আগুনে জ্বালিয়ে দেওয়া হয়। মঙ্গলবার (১১ আগষ্ট) বিকালে উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের যৌথ অভিযানে শহরের বিভিন্ন দোকানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় বলুহর বাসস্ট্যান্ড এলাকার শ্রী রতন হালদার এর দোকানে অভিযান পরিচালনা করে ২৫ পিচ (৩’শ মিটার) অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়। পরে মৎস্য রক্ষা ও সংরক্ষণ ১৯৫০ আইনের ৫(১)ধারায় ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযান পরিচালনা করেন, নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন। এ সময় তিনি জানান, সরকারি আইন লংঘন করে কিছু অসাধু ব্যক্তি অবৈধ কারেন্ট জাল ব্যবহার করে উপজেলার বিভিন্ন নদীনালা,খাল-বিল ও জলাশয়ে জাটকা, ডিমওয়ালা পোনা মাছ ধরে বিক্রি করছে। এতে এসব মাছসহ অন্যান্য জলজ প্রাণীর অকাল মৃত্যুতে জীববৈচিত্র হুমকির মুখে পড়ছে।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, সহকারি সার্টিফিকেট আল-মামুন সহ থানা পুলিশের একটি টিম।

এ প্রসঙ্গে মৎস্য কর্মকর্তা বলেন, নিষিদ্ধ মাছ ধরার কারেন্ট জাল জব্দ অভিযান অব্যহত থাকবে।

কোটচাঁদপুরে পুলিশ ক্যাম্পের ভবিষ্যৎ নির্ধারণে ওয়ার্কশপ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানাধীন উপজেলার দোড়া ইউনিয়নের লক্ষিপুর অস্থায়ী পুলিশ ক্যাম্পের ভবিষ্যৎ নির্ধারণে ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১২টার দিকে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে স্থানীয় দোড়া ইউনিয়ন কার্যালয় মিলনায়তনে জনমত জরিপের এই ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোঃ মোহাইমিনুল ইসলাম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা পরিষদ সদস্য শামীম আরা হ্যাপী।

এক সময়ের সন্ত্রাসী কবলিত এলাকা বলে খ্যাত উপজেলার দোড়া ইউনিয়নের লক্ষিপুর বাজার সংলগ্ন নির্দিষ্ঠ স্থানে ১৯৯৬ সালে প্রতিষ্ঠা করা হয় অস্থায়ী পুলিশ ক্যাম্প। বর্তমান সময়ে এই জনপদের মানুষের দাবী সন্ত্রাস ও মাদক নিমূল এবং আইন-শৃঙ্খলা বজায় রাখতে অস্থায়ী এই পুলিশ ক্যাম্পকে স্থায়ী পুলিশ ক্যাম্প হিসাবে ঘোষণা করা। এই জন্য সংশ্লিষ্ঠ ঊদ্ধর্তন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন জনপ্রতিনিধি সহ এই এলাকার সাধারণ মানুষ ।

এ সময় উপস্থিত ছিলেন, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন, ক্যাম্প ইনচার্জ শুকুর আলী, থানার উপ-পরিদর্শক এস.আই আব্দুল

মান্নান, এস.আই তৌফিক, এস.আই জাহিরুল, বিশিষ্ট শিল্পপতি মোঃ মহাসিন আলী বকুল, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক ইউপি সদস্য মইদুল ইসলাম, ইউপি সদস্য মিলন, ইউপি সদস্য ইদ্রিস আলী, সংরক্ষিত নারী ইউপি সদস্য আইশা খাতুন সহ স্থানীয় জনসাধারণ।

কোটচাঁদপুরের নতুন ইউএনও আসাদুজ্জামান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নতুন নির্বাহী অফিসার হিসেবে যোগদান করলেন আসাদুজ্জামান রিপন।

গতকাল মঙ্গলবার (২১ জুলাই) বিকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্য বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানা নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের কাছে দায়িত্ব বুঝে দেন।

এসময় নবাগত নির্বাহী অফিসারকে ফুলেল শুভেচ্ছা জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ২৮তম বিসিএস ক্যাডারের কর্মকর্তা। কোটচাঁদপুরে নির্বাহী অফিসার হিসেবে যোগদানের আগে তিনি জনপ্রশাসন মন্ত্রানালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারি সচিব) আইসিটি ডিভিশনে কর্মরত ছিলেন।

কোটচাঁদপুর ইউএনও কে পৌরসভার

পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা কে পৌরসভার পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে। সোমবার সকালে পৌর ভবনে পৌর মেয়র মোঃ জাহিদুল ইসলামের সভাপতিত্বে এই বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা প্রশাসনের নির্বাহী অফিসার নাজনীন সুলতানার দীর্ঘ প্রায় তিন বছরের কর্ম-জীবণের স্মৃতি চারণ করে বক্তব্য রাখেন পৌর প্যানেল মেয়র আনারুল ইসলাম সেন্টু।

এসময় উপস্থিত ছিলেন, পৌর কাউন্সিলর কামাল হোসেন, পৌর কাউন্সিলর রকিব উদ্দীন ও পৌর কাউন্সিলর জাফর ইকবাল শান্তি প্রমূখ।

এর আগে বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানাকে পৌর ভবণে মেয়রের নের্তৃত্বে পৌর কর্মকর্তা-কর্মচারী বৃন্দ ফুলের তোড়া দিয়ে বরণ করেণ। অনুষ্ঠানটি পরিচালনা করেন, পৌর কর্মচারী সংগঠনের নেতা মোঃ সেকেন্দার আলী।

কোটচাঁদপুরে অসামাজিক কার্যকলাপের অভিযোগে নারীসহ দু’জন আটক

অসামাজিক কার্যকলাপে লিপ্ত থাকায় ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের একটি বাসা থেকে একনারী সহ কথিত এক সাংবাদিককে আটক করেছে বে-রসিক জনতা। পরে তাদেরকে কোটচাঁদপুর থানা পুলিশের হাতে সোপর্দ করা হয়।

শুক্রবার সন্ধ্যায় শহরের দুধসারা চাষাপাড়া এলাকার একটি বাসা থেকে পুলিশ তাদেরকে আটক করে।

পুলিশ জানায়, পৌর শহরের দুধসারা এলাকায় একটি বাসায় অসামাজিক কাজে লিপ্ত থাকায় স্থানীয় জনগণ এক নারীসহ একজনকে পাকড়াও করে। পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে কালিগঞ্জ উপজেলার বালিয়াডাঙ্গা গ্রামের ইসমাইল হোসেনের ছেলে সোহরাব হোসেন (৩২) ও একই উপজেলার কাশিপুর গ্রামের জৈনকের ২০ বছর বয়স্ক মেয়েকে আটক করে।

পুলিশ জানায় প্রাথমিক জিজ্ঞাসাবাদে তাারা অসামাজিক কার্যাকলাপে জড়িত থাকার কথা স্বীকার করেছে। তাদের বিরুদ্ধে শনিবার (০৪ জুলাই) কোটচাঁদপুর থানায় নন এফআইআর প্রসিকিউশন নং-১২/২০২০ তারিখঃ ০৪-০৭-২০২০ ইং ধারা- ২৯০ পেনাল কোডে জেল হাজতে প্রেরণ করা হয়।

প্রসঙ্গগত গ্রেফতার হওয়া সোহরাব হোসেন নিজেকে বিভিন্ন পত্রিকা ও অন-লাইনের সাংবাদিক হিসাবে পরিচয় দিয়ে থাকেন। অভিযোগ আছে মাদক সেবনকারী ও ব্যবসায়ীদের সাথে সক্ষতার। এমনকি বিভিন্ন সময়ে সাংবাদিক পরিচয় দিয়ে মাদক সেবন ও বহন করে থাকে।

কোটচাঁদপুরে কিন্ডারগার্ডেন শিক্ষকদের মাঝে এমপি চঞ্চলের অর্থ প্রদান

দেশের করোনা প্রতিরোধে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় মানবতার জীবন-যাপন করছেন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা। মানুষ গড়ার এইসব কারিগরদের দুঃখ-কষ্টের কথা ভেবে তাদের পাশে এসে দাড়ালেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

গতকাল বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর রেইনবো ইন্সটিটিউট অ্যান এলিমেন্ট্রি স্কুলে ১’শ ২৯জন শিক্ষদের মাঝে তিনি নগদ অর্থ প্রদান করেন।

রেইনবো ইন্সটিটিউট অ্যান এলিমেন্ট্রি স্কুলের সভাপতি নাজনীন হাফিজার সভাপতিত্বে এবং প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা পরিচালক ও

প্রিন্সিপাল মোঃ শাহজান আলীর পরিচালনায় অর্থ প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, স্থানীয় জাতীয় সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আ.লীগের সিনিয়র সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, পৌর আ.লীগের যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিম, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, আ.লীগ নেত্রী রুবিনা রহমান সহ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা।

অনুষ্ঠানে কোটচাঁদপুর উপজেলার ১৯টি কিন্ডারগার্ডেন শিক্ষা প্রতিষ্ঠানের ১’শ ১৪ জন ও মহেশপুর উপজেলার ১টি কিন্ডারগার্ডেন শিক্ষা প্রতিষ্ঠানের ১৫ জন শিক্ষদের মাঝে এই নগদ অর্থ প্রদান করা হয়।

কোটচাঁদপুরে করোনাকে জয় করে ঘরে ফিরলেন যুবক

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের পাঁচলিয়া গ্রামের বাসিন্দা মেহেদী হাসান (২২) করোনা যুদ্ধে জয়ী হয়ে ঘরে ফিরলেন। এদিকে উপজেলায় প্রথম করোনা আক্রান্ত রোগী সুস্থ্য হওয়ার খবরে এলাকার মানুষের মাঝে স্বস্তি ফিরে এসেছে।

সোমবার দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে মেহেদী হাসানকে আনুষ্ঠানিক ভাবে বিদায় জানানো হয়। এসময় ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান জেলা সিভিল সার্জন ডা. সেলিনা বেগম ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুর রশিদ।

মেহেদী হাসান গত ২৫ এপ্রিল থেকে দীর্ঘ ১৭দিন করোনার সঙ্গে যুদ্ধ করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিশেষ আইসোলেশন ওয়ার্ডে চিকিৎসাধীন ছিলেন।

করোনার সঙ্গে যুদ্ধ করে সুস্থ্য হয়ে উঠা মেহেদী হাসানকে বিদায় মূহুর্তে সিভিল সার্জন ডা. সেলিনা বেগম বলেন, আপাতত বাড়িতে গিয়ে কারো সংস্পর্শে আসবে না। সেইসাথে স্বাস্থ্যবিধি মেনে হোম কোয়ারেন্টাইনে থাকার পরামর্শ দেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুর রশিদ বলেন, মেহেদী হাসান আক্রান্ত হয়ে আইসোলেশনের সময় নমুনা সংগ্রহ করে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিনোম সেন্টারে পাঠানো হলে করোনা পরিক্ষার ফল নেগেটিভ আসে। বর্তমানে সে করোনাকে জয় করে পুরাপুরি সুস্থ্য হয়েছেন। ছাড়পত্র দিয়ে আনুষ্ঠানিকভাবে তাকে বিদায় দেওয়া হচ্ছে।

এসময় স্বাস্থ্য কমপ্লেক্সের পক্ষ থেকে করোনা বিজয়ী মেহেদী হাসানকে বিভিন্ন প্রকার ফল সামগ্রী দেওয়া হয়। এবং পুষ্টিকর খাবার খেতে পরামর্শ দেওয়া হয়। করোনা যুদ্ধে চিকিৎসক-নার্স, স্বাস্থ্যকর্মী সহ সবাইকে ধন্যবাদ জানান, ডা. আব্দুর রশিদ ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি এসএম রায়হান উদ্দীন, সাধারণ সম্পাদক মঈন উদ্দীন খান, হাসপাতালের চিকিৎসক-নার্স, কর্মকর্তা-কর্মচারী সহ আরো অনেকে।

কোটচাঁদপুরে প্রশাসনের ত্রাণ তহবিলে ‘আশা’র খাদ্য সহায়তা প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের ত্রাণ তহবিলে বে-সরকারি প্রতিষ্ঠান ‘আশা’ এনজিও’র পক্ষ থেকে দেশের করোনা পরিস্থিতিতে কর্মহীন, দরিদ্র, অসহায় নিম্ন আয়ের খেটে খাওয়া, শ্রমজীবী মানুষের জন্য খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।

আশা’র নিজস্ব অর্থায়নে রবিবার সকালে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার

সহকারি (সিএ) ইন্দ্রজিদ সাহার নিকট আনুষ্ঠানিকভাবে নিত্য প্রয়োজনীয় চাল,ডাল, তৈল, লবন, আলু, হস্তান্তর করা হয়।

আশা’র এ্যাডিশনাল ডিভিশনাল ম্যানেজার (এ্যাড.ডিভি.এম) মো. ওমর ফারুক জানান, বে-সরকারি প্রতিষ্ঠান ‘আশা’ এনজিও সব সময দরিদ্র জনগোষ্ঠীর সামাজিক উন্নয়নে কাজ করে থাকে। বর্তমানে করোনা পরিস্থিতির সংক্রমণ রোধে সরকার সবাইকে ঘর থেকে বাহির না হওয়ার নির্দেশ প্রদান করেছেন। ফলে কর্মহীন, দরিদ্র, অসহায় খেটে খাওয়া দিনমজুর ও শ্রমজীবীরা মানবেতর জীবন-যাপন করছে।

সেই সব দরিদ্র জনগোষ্ঠীর কথা ভেবে বে-সরকারি প্রতিষ্ঠান আশা’র নিজ অর্থায়নে সারাদেশে ১২ কোটি টাকা খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। তারই ধারাবাহিকতায় ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে ৫’শ, কালিগঞ্জ উপজেলা প্রশাসন কার্যালয়ে ২’শ ও কোটচাঁদপুর উপজেলা প্রশাসন কার্যালয়ে ২’শ প্যাকেট খাদ্য সামগ্রী প্রদান করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন, ডিসট্রিক্ট ম্যানেজার (ডিএম) মো. রহমত উল্লাহ, কোটচাঁদপুর ব্রাঞ্চের রিজিওনাল ম্যানেজার (আরএম) শাহাজান আলী, কালিগঞ্জ ব্রাঞ্চের রিজিওনাল ম্যানেজার (আরএম) নাসির উদ্দীন, মহেশপুর ব্রাঞ্চের রিজিওনাল ম্যানেজার (আরএম) শফিকুর রহমান, রিজিওনাল ম্যানেজার (আরএম) মো. আকরাম হোসেন, কোটচাঁদপুর ব্রাঞ্চ ম্যানেজার সেলিম রেজা প্রমুখ।